

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং-১৩

২৯ জুলাই, ২০০৩ ইং
তারিখঃ -----
১৪ শ্রাবণ, ১৪১০ বাং

সকল তফসিলী ব্যাংক

ও

আর্থিক প্রতিষ্ঠানসমূহ

প্রিয় মহোদয়,

একুইটি এন্ড অন্ট্যাপ্যান্যারশীপ ফান্ড (ইইএফ) ।

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২৪/০৬/২০০২ ইং তারিখের ইইএফ সার্কুলার নং-৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। উক্ত সার্কুলারের ০৬.২ এবং ০৬.৪ নং অনুচ্ছেদে প্রকল্পে উদ্যোক্তার একুইটির ৭০% বিনিয়োগ হওয়ার পরপর ইইএফ সহায়তার অর্ধ সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে জমা রাখা এবং উদ্যোক্তার একুইটির ১০০% বিনিয়োগ হবার পর সংশ্লিষ্ট ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানকে উদ্যোক্তার অনুকূলে ইইএফ সহায়তার অংশ ছাড় করার নির্দেশ আছে । এক্ষেত্রে শর্তটি পরিবর্তনপূর্বক এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উদ্যোক্তার একুইটির সম্পূর্ণ অংশ (১০০%) বিনিয়োগ হওয়ার পর অন্যান্য শর্তাদির পরিপালন সাপেক্ষে উক্ত ইইএফ সহায়তার অর্ধ সরাসরি উদ্যোক্তাকে প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে প্রেরণ করবে ।

০৩। ইইএফ সার্কুলার নং-৬/২০০২ এর ০৩ নং অনুচ্ছেদ মোতাবেক প্রকল্পে ব্যাংক ঋণ গ্রহণ ব্যতিরেকেও ইইএফ হতে একুইটি সহায়তা প্রদান করা হতো । উক্ত শর্ত আংশিক পরিবর্তনপূর্বক এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ২০.০০ (বিশ) কোটি বা তদুর্ধ্ব টাকার প্রকল্প ব্যয় সম্পন্ন (নীট চলতি মূলধনসহ) প্রকল্পের ক্ষেত্রে ইইএফ সহায়তা পেতে হলে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান হতে প্রচলিত ঋণ-মূলধন অনুপাতের ভিত্তিতে ঋণ গ্রহণ করতে হবে ।

০৪। ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলো কর্তৃক প্রকল্প মূল্যায়ন কালে অনেক ক্ষেত্রে উদ্যোক্তা প্রদত্ত তথ্য উপাত্তের উপর ভিত্তি করে প্রকল্প মূল্যায়ন করা হয় । প্রকল্পের প্রকৃত মূল্যায়নের স্বার্থে এরূপ তথ্য উপাত্তের উপর সম্পূর্ণ নির্ভরশীল না হয়ে প্রকল্পের প্রধান প্রধান স্থায়ী ব্যয়সহ উৎপাদিত পণ্য/সেবার দাম, উপকরণের দাম ইত্যাদি বাস্তবসম্মত বা প্রতিযোগিতামূলক কিনা তা ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক নিরপেক্ষ উৎস হতে তথ্য সংগ্রহ করে যাচাই করা বাঞ্ছনীয় । প্রকল্পের আমদানীতব্য মেসিনারীজ/যন্ত্রপাতির প্রতিযোগিতামূলক বাজার দর নিশ্চিত হওয়ার লক্ষ্যে ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক অনুসৃত উপযুক্ত পদ্ধতি অথবা এরূপ পদ্ধতি অনুপস্থিতিতে ন্যূনপক্ষে ৩টি দরপত্রের মাধ্যমে যাচাইকরণ পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে ।

০৫। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইতোমধ্যে জারীকৃত সার্কুলারের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে ।

উপরোল্লিখিত সংশোধনীগুলি অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে ।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-
(এ.টি.এম, ফজলে রব)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১৬৩৬৫০